Page-3

শুক্রবারের
১৯ আষাঢ় ১৪২৭ ■ ৩ জুলাই ২০২০
১১ জিলকদ ১৪৪১ হিজরি www.ittefaq.com.bd

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

বারিতে ফল ও শাকসবজির রোগবালাই ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষণ

■ গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কীটতত্ত্ব বিভাগের উদ্যোগে 'জৈব বালাইনাশক প্রযুক্তির মাধ্যমে ফল ও শাক-সবজির পোকামাকড় ও রোগবালাই ব্যবস্থাপনা' শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ বৃহস্পতিবার ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এতে গাজীপুর সদরের বিভিন্ন মসজিদের ৩৫ জন ইমাম, খতিব ও খাদেম অংশগ্রহণ করেন। শাকসবজি, ফল ও পান ফসলের পোকমাকড় ও রোগবালাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশক ভিত্তিক প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্পের অর্থায়নে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। বারির মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম প্রধান অতিথি থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। বারির কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান এবং প্রকল্প পরিচালক ড. দেবাশীষ সরকার এতে সভাপতিত্ব করেন।

page - 6

প্রথম আলো

শুক্রবার, ৩ জুলাই ২০২০, ১৯ আষাঢ় ১৪২৭

গাজীপুর

প্রশিক্ষণ অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বারি) কীটতত্ত্ব বিভাগের উদ্যোগে গতকাল বৃহস্পতিবার বিভিন্ন মসজিদের ইমামদের অংশগ্রহণে প্রশিক্ষণ কর্মশালা ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। বাংলাদেশে শাকসবজি, ফল ও পান ফসলের পোকামাকড় এবং রোগবালাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশকভিত্তিক প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্পের অর্থায়নে এ কর্মশালা হয়। সকালে বারির মহাপরিচালক মো. নাজিরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ইমাম প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। বারির কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান এবং প্রকল্প পরিচালক দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বারির পরিচালক (গবেষণা) মো. মিয়ারুদ্দীন, পরিচালক (সেবা ও সরবরাহ) মো. হাবিবুর রহমান শেখ। ।

প্রতিনিধি, গাজীপুর

Page-11

দৈনিক
জনকণ্ঠ

ঢাকা ॥ শুক্রবার
১৯ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ
৩ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ

জৈব বালাইনাশক প্রশিক্ষণ

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কীটতত্ত্ব বিভাগের উদ্যোগে বৃহস্পতিবার বিভিন্ন মসজিদের ইমামদের অংশগ্রহণে জৈব বালাইনাশক প্রযুক্তির মাধ্যমে ফল ও শাক-সবজির পোকামাকড় ও রোগবালাই ব্যবস্থাপনা শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত বাংলাদেশে শাক-সবজি, ফল ও পান ফসলের পোকমাকড় ও রোগবালাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশক ভিত্তিক প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্পের অর্থায়নে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মশালায় গাজীপুর সদরের বিভিন্ন মসজিদের ৩৫ জন ইমাম, খতিব ও খাদেম অংশগ্রহণ করেন। সকালে বারির মহাপরিচালক ড. মোঃ নাজিরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বারির কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান এবং প্রকল্প পরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারির পরিচালক (গবেষণা) ড. মোঃ মিয়ারুদ্দীন প্রমুখ।

শুক্রবার ঢাকা ৩ জুলাই ২০২০, ১৯ আষাঢ় ১৪২৭ বর্ষ ২০ সংখ্যা ১৭৫ পৃষ্ঠা ৮ মূল্য ৪ টাকা

জনগণের মুখপত্র

ভোরের দর্পণ



বারি'তে জৈব বালাইনাশক প্রযুক্তির ব্যবস্থাপনা শীর্ষক প্রশিক্ষক প্রশিক্ষণ

গাজীপুর প্রতিনিধি ●

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কীটতত্ত্ব বিভাগের উদ্যোগে বৃহস্পতিবার "জৈব বালাইনাশক প্রযুক্তির মাধ্যমে ফল ও শাক-সবজির পোকামাকড় ও রোগবালাই ব্যবস্থাপনা" শীর্ষক দিনব্যাপী বিভিন্ন মসজিদের ইমামদের অংশগ্রহণে প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালা ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশে শাক-সবজি, ফল ও পান ফসলের পোকমাকড় ও রোগবালাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশক ভিত্তিক প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্পের অর্থায়নে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মশালায় গাজীপুর সদরের বিভিন্ন মসজিদের ৩৫ জন ইমাম, খতিব ও খাদেম অংশগ্রহণ করেছেন। সকালে বারি'র মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে এই ইমাম প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। বারি'র কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান এবং প্রকল্প পরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (গবেষণা) ড. মো. মিয়ারুদ্দীন, পরিচালক (সেবা ও সরবরাহ) মো. হাবিবুর রহমান শেখ। কীটতত্ত্ব বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আখতারুজ্জামান সরকারের সঞ্চালনায় উদ্বোধন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল কুমার দত্ত। বারি'র মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম বলেন, মসজিদের ইমামগণ হচ্ছেন একটি সমাজের নেতা। তাদের কথা সবাই মেনে চলার চেষ্টা করে। আমরা এখন আর কীটনাশকের বিষ মিশ্রিত খাবার খেতে চাই না। ফসলে অধিক পরিমাণে কীটনাশক ব্যবহার করলে তা জনস্বাস্থ্যের জন্য হুমকির কারণ হয়ে উঠতে পারে। এজন্য আমাদের ফসলে জৈব বালাইনাশক ব্যবহার করতে হবে। এতে আমরা যেমন নিরাপদ থাকবো তেমনি আমাদের পরবর্তী প্রজন্মের স্বাস্থ্যঝুঁকি কমে আসবে। এই তথ্য আমরা ইমাম সাহেবদের মাধ্যমে সমাজের সকলের কাছে পৌছে দিতে চাই। এছাড়া সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের তথ্য সমাজের সকলের কাছে পৌছে দেয়ার মাধ্যম হচ্ছে আমাদের ইমাম সাহেবগণ। আর এ উদ্দেশ্যেই আমাদের আজকের এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন।

Page-7

প্রকাশনার ৭০ বছর

সংবাদ

ঢাকা
শনিবার
২০ আষাঢ় ১৪২৭
৪ জুলাই ২০২০
মূল্য ৮ টাকা

গাজীপুরে কৃষি পণ্যে বালাই ব্যবস্থাপনায় প্রশিক্ষণ

প্রতিনিধি, গাজীপুর

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর কীটতত্ত্ব বিভাগের উদ্যোগে গত বৃহস্পতিবার "জৈব বালাইনাশক প্রযুক্তির মাধ্যমে ফল ও শাক-সবজির পোকামাকড় ও রোগবালাই ব্যবস্থাপনা" শীর্ষক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

এদেশে শাক-সবজি, ফল ও পান ফসলের পোকমাকড় ও রোগবালাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশক ভিত্তিক প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্পের অর্থায়নে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মশালায় গাজীপুর সদরের বিভিন্ন মসজিদের ৩৫ জন ইমাম, খতিব ও খাদেম অংশগ্রহণ নেন। মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ ইমাম প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন। কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান এবং প্রকল্প পরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (গবেষণা) ড. মো. মিয়ারুদ্দীন, পরিচালক (সেবা ও সরবরাহ) জনাব মো. হাবিবুর রহমান শেখ। কীটতত্ত্ব বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আখতারুজ্জামান সরকার এর সঞ্চালনায় উদ্বোধন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন একই বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. নির্মল কুমার দত্ত।